গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
# সরকারি সিটি কলেজ, চট্টগ্রাম
ফোন নং : ০২৩৩৩৩৬৬০৫১, মোবাইল : +৮৮০১৭৭৪৮৩৭৪২৩
ই-মেইল : principal@gccc.edu.bd, info@gccc.edu.bd, govtcitycollegectg1954@gmail.com
ওয়েব সাইট : www.gccc.edu.bd.

## বিজ্ঞপ্তি

তারিখ : ০৩/১২/২০২৫ খ্রি.

### জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) বিএ/ বিএসএস/ বি.এসসি ও বিবিএ শ্রেণির ভর্তি বিজ্ঞপ্তি

ভর্তির আবেদন ফরম পূরণ : ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তির জন্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটের মাধ্যমে **Online** এ আবেদন করতে হবে।

- ওয়েবসাইটের ঠিকানা : **www. nu.ac.bd/admissions**
- আবেদন ফরম পূরণ ও এর প্রিন্ট/পিডিএফ কপি সংগ্রহের সময়সীমা : ২৩/১১/২০২৫ তারিখ থেকে ৩১/১২/২০২৫ তারিখ পর্যন্ত
- ভর্তির যোগ্যতা :

| শাখা | এসএসসি/সমমান পাশের সন | ন্যূনতম যোগ্যতা (৪র্থ বিষয়সহ) | এইচএসসি/সমমান পাশের সন | ন্যূনতম যোগ্যতা (৪র্থ বিষয়সহ) | এস.এস.সি ও এইচএসসি উভয় পরীক্ষা মিলে কমপক্ষে জিপিএ |
|---|---|---|---|---|---|
| মানবিক শাখা ও ব্যবসায় শিক্ষা শাখা ও বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ড থেকে HSC (বিজনেস ম্যানেজমেন্ট) ও ডিপ্লোমা ইন কমার্স শাখা | ২০২২/২০২৩ | জিপিএ- ২.০০ | ২০২৪/২০২৫ | জিপিএ- ২.০০ | ৪.৫০ |
| বিজ্ঞান শাখা ও বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ড থেকে HSC (ভোকেশনাল) শাখা | ২০২২/২০২৩ | জিপিএ- ২.২৫ | ২০২৪/২০২৫ | জিপিএ- ২:০০ | ৪.৭৫ |

- **Online** এ ভর্তি পরীক্ষার আবেদন ফরম পূরণ ও পরবর্তী করণীয় :

| ফরম পূরণের ধাপসমূহ | করণীয় |
|---|---|
| লগইন (Login) | আবেদনকারীকে নির্দিষ্ট ওয়েব সাইট (**www. nu.ac.bd/admissions** ) এ গিয়ে **Apply Now** বাটনে ক্লিক করতে হবে এবং ওয়েব সাইটে প্রদর্শিত তথ্য ছকে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষার রোল নম্বর, রেজি. নং, বোর্ড ও পাশের সন সঠিকভাবে এন্ট্রি দিতে হবে। |
| কলেজ পছন্দ | আবেদনকারী তার পছন্দ অনুযায়ী কলেজের নাম **Select** করলে সংশ্লিষ্ট কলেজের ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির অধিভুক্ত বিষয় সমূহের নাম ও আসন সংখ্যা দেখতে পাবে। |
| বিষয় পছন্দ ক্রম | ওয়েব সাইট এর তথ্য ছকে পছন্দ অনুযায়ী একটি কলেজ **Select** করে এন্ট্রি দিলে আবেদনকারী তার ভর্তি যোগ্য (**Elegible**) বিষয়ের তালিকা দেখতে পাবে। তালিকা থেকে শিক্ষার্থী তার পছন্দের বিষয় নির্ধারণ করবে। |
| সরকারি সিটি কলেজের কোড ও অনার্স বিষয়সমূহ | সরকারি সিটি কলেজের কোড নম্বর = ৪৩০৪<br>সরকারি সিটি কলেজে বিদ্যমান বিষয়সমূহ : বিষয় ও বিষয় কোড<br>বাংলা - ১০০১ ; রাষ্ট্রবিজ্ঞান - ১৯০১ ; রসায়ন- ২৮০১<br>ইংরেজি - ১১০১ ; অর্থনীতি - ২২০১ ; উদ্ভিদবিজ্ঞান - ৩০০১<br>ইসলামের ইতিহাস - ১৬০১ ; হিসাববিজ্ঞান - ২৫০১ ; প্রাণিবিজ্ঞান - ৩১০১<br>দর্শন - ১৭০১ ; ব্যবস্থাপনা - ২৬০১ ; মনোবিজ্ঞান - ৩৪০১<br>ইসলামিক স্টাডিজ - ১৮০১ ; পদার্থবিজ্ঞান - ২৭০১ ; গণিত - ৩৭০১ |
| কোটা | মুক্তিযোদ্ধার সন্তান, ক্ষুদ্র নৃগোষ্ঠী, বিশেষ চাহিদা সম্পন্ন/ভিন্নভাবে সক্ষম ও পোষ্য কোটায় ভর্তি হতে ইচ্ছুক আবেদনকারীকে তথ্য ছকের নির্দিষ্ট স্থানে তার জন্য প্রযোজ্য কোটা Select করতে হবে। উল্লেখ্য যে, পোষ্য কোটায় শুধুমাত্র জাতীয় বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের সন্তান/সন্তানাদি আবেদন করতে পারবে। কোটায় আবেদনের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের ইস্যুকৃত মূল সনদপত্র থাকতে হবে। একজন আবেদনকারী এক বা একাধিক কোটায় যোগ্য হলে কোটার পছন্দক্রম নির্ধারণ করে দিতে হবে। উল্লেখ্য যে, কোটার জন্য সংরক্ষিত আসন বিষয়ভিত্তিক বরাদ্দকৃত আসনের অতিরিক্ত হিসাবে বিবেচিত হবে। আবেদনকারীকে কোটার মেধা তালিকায় স্থান পেতে অবশ্যই ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। |
| ছবি সংযোজন | আবেদন পত্র পূরণের সময় প্রার্থীর পাসপোর্ট আকারের সম্প্রতি তোলা রঙিন ছবি স্ক্যান করে আপলোড করতে হবে। ছবির মাপ ১২০ × ১৫০ **Pixels, Image Type : JPG** এবং **Maximum File Size – 50 Kb** |
| ফরম ডাউনলোড | সঠিক তথ্য ও ছবিসহ ছক পূরণ করে Submit Application অপশনে ক্লিক করতে হবে। এ পর্যায়ে আবেদনকারীর Application ID ও PIN প্রদর্শিত হবে এবং আবেদনকারীকে ফরমটি ডাউনলোড করে **[A4 (8.5"×11") অফসেট সাদা কাগজে]** প্রিন্ট/pdf কপি সংগ্রহ করতে হবে। |

### ফি পরিশোধের নিয়মাবলি :

### জাতীয় বিশ্ববিদ্যালয় নির্ধারিত ভর্তির আবেদন ফি : ১০০০/- টাকা

**স্টেপ ০১ : https://www.ems.gccc.edu.bd/ এ লিংকে প্রবেশ করুন।**

স্টেপ ০২ : ম্যানুতে Payment এ ক্লিক করার পর Honours ম্যানুতে ক্লিক করে নিচে Apply For Admission-এ শিক্ষার্থীর ভর্তির আবেদন ফরমের প্রথম পছন্দক্রম অনুসারে HONOURS ADMISSION FORM 2025-26-এ Apply Now-এ ক্লিক করুন।

স্টেপ ০৩ : Nu Admission Roll Number এর ঘরে শিক্ষার্থীর Nu Admission Roll Number টি টাইপ করুন।

স্টেপ ০৪ : সঠিক ভাবে ক্যাপচা কোডটি টাইপ করে verify এ ক্লিক করে ব্যক্তিগত তথ্য দিয়ে Save বাটনে ক্লিক করুন।

স্টেপ ০৫ : Payment Method সিলেক্ট করুন।

স্টেপ ০৬ : Next অপশানটিতে ক্লিক করে ধাপে ধাপে Payment complete করুন।

**স্টেপ ০৭ : Payment complete এর পর Payment copy এর PDF File টি ডাউনলোড ও প্রিন্ট করে সংরক্ষণ করতে হবে।**

বি.দ্র : প্রাথমিক আবেদন ফরম অনলাইনে Submit করার পর শিক্ষার্থীদের মোবাইলে আগামী ০২/০১/২০২৬ তারিখের মধ্যে Confirmation Message না গেলে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটের Admission Panel (www.nu.ac.bd/admission) এর Applicant's Account Login (Honours Login) অপশনে Admission Roll ও Pin Number দিয়ে Login করলে প্রাপ্ত Panel এ View Application অপশনে Status : Received থাকলে আবেদন সম্পন্ন হয়েছে বিধায় তাকে কলেজে যোগাযোগ করতে হবে না। **View Application অপশনে Status : Submitted থাকলে ০৪/০১/২০২৬ তারিখ দুপুর ১২.০০ মধ্যে একাডেমিক ভবন-০৬ এর অফিসের ২০৩ নং কক্ষে যোগাযোগ করে সমস্যা সমাধান করার নির্দেশ দেয়া হল। অন্যথায় এ সংক্রান্ত জটিলতার জন্য কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না।**

**ভর্তি পরীক্ষার প্রবেশপত্র (Admit Card) ডাউনলোড :** কলেজ কর্তৃক প্রাথমিক আবেদন নিশ্চয়নকৃত শিক্ষার্থীদের ভর্তি পরীক্ষার নির্ধারিত তারিখের সাত দিন পূর্বে ভর্তি বিষয়ক ওয়েবসাইটের Applicant Login অপশন থেকে ভর্তি পরীক্ষার প্রবেশপত্র (Admit Card) ডাউনলোড করে সংশ্লিষ্ট শিক্ষার্থীদেরকে প্রিন্ট নিতে হবে।

**উল্লেখ্য যে, শিক্ষার্থীর প্রবেশপত্রে (Admit Card) ভর্তি পরীক্ষার তারিখ, সময়, রোল নম্বর ও পরীক্ষা কেন্দ্রের নাম উল্লেখ থাকবে এবং শিক্ষার্থীকে উক্ত কেন্দ্রে উপস্থি'ত থেকে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।**

| | | | |
|---|---|---|---|
| ০৩.১২.২০২৫ | ০৩.১২.২০২৫ | ০৩/১২/২০২৫ | ০৩/১২/২০২৫ |
| অধ্যক্ষ<br>সরকারি সিটি কলেজ চট্টগ্রাম। | আহ্বায়ক<br>বিবিএ (সম্মান) ভর্তি কমিটি-২০২৫-২৬<br>সরকারি সিটি কলেজ, চট্টগ্রাম। | আহ্বায়ক<br>বিএ/বিএসএস (সম্মান) ভর্তি কমিটি-২০২৫-২৬<br>সরকারি সিটি কলেজ, চট্টগ্রাম। | আহ্বায়ক<br>বিএসসি (সম্মান) ভর্তি কমিটি-২০২৫-২৬<br>সরকারি সিটি কলেজ, চট্টগ্রাম। |